



জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

স্মারক নং-০৬(১০১)জাতীগবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৬-২০১৭/১৬৭৬

তারিখ: ২৯/০৩/২০১৬

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপে অনলাইন আবেদন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপের অনলাইন আবেদন ০৪ এপ্রিল ২০১৭ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১৩ এপ্রিল ২০১৭ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে যে সকল প্রার্থী ক) ১ম/২য় মেধা তালিকায় স্থান পায়নি অথবা স্থান পেয়েও ভর্তি হয়নি খ) ভর্তি বাতিল করেছে, সে সকল প্রার্থীকে মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিলিজ স্লিপে আবেদন করতে হবে। উল্লেখ্য যে, নতুন করে কোন শিক্ষার্থী প্রাথমিক আবেদন করতে পারবে না। জাতীয় বিশ্ববিদ্যালয়ে নির্দিষ্ট ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) লিঙ্কে গিয়ে এ সংক্রান্ত তথ্য পাওয়া যাবে।

২০১৬-১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপের অনলাইন আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	করণীয়	তারিখ
ক)	<p>২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপের অনলাইন আবেদনের তারিখ</p> <ul style="list-style-type: none"> রিলিজ স্লিপে আবেদনের জন্য আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটে (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) Applicant Login অপশন থেকে Degree Pass Login অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর রোল ও পিন নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। রিলিজ স্লিপে আবেদনের ক্ষেত্রে College Selection অপশনে গিয়ে আবেদনকারী তার পছন্দ অনুযায়ী কলেজ Select করলে ঐ কলেজে কোর্সভিত্তিক শূন্য আসনের তালিকা ও তার Eligible কোর্সের তালিকা দেখতে পাবে। এ পর্যায়ে আবেদনকারী তার Eligible কোর্স থেকে নতুন করে কলেজ পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিবে। এভাবে একজন আবেদনকারী তার পছন্দ অনুযায়ী সর্বোচ্চ পাঁচটি কলেজে পর্যায়ক্রমে কোর্স পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিতে পারবে। রিলিজ স্লিপের আবেদন সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে না এবং আবেদনকারীকে কোন ফি প্রদান করতে হবে না। রিলিজ স্লিপের আবেদন সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না। 	<p>০৪/০৪/২০১৭</p> <p>থেকে</p> <p>১৩/০৪/২০১৭</p>

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোবাম্মেরা খানম)
ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়
ফোন : ৯২৯১০৬৮, ফ্যাক্স-৯২৯১০৭২
ই-মেইল- deanug@nubd.info

স্মারক নং-০৬(১০১)জাতীগবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৬-২০১৭/১৬৭৬

তারিখ: ২৯/০৩/২০১৬

অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভিসি (একাডেমিক) দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়